বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ২২৩৩৮৩৬৩৭
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েবসাইট : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(৪)/২০২৩-২০২৪/৪৭৭১ তারিখ: ১৫.০১.২০২৪ খ্রি.

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, কসবা শাখা, ব্রাহ্মণবাড়িয়ার উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) জনাব বিশ্বনাথ দাস (বি-২৫২) এর স্ত্রী জনাব মিতা দাস ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব বিশ্বনাথ দাস (বি-২৫২) দীর্ঘদিন যাবৎ লিভারের বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন এবং ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালসহ দেশের অন্যান্য হাসপাতালে চিকিৎসা গ্রহণ করলেও শারীরিক অবস্থার আশানুরূপ কোন উন্নতি না হওয়ায় চিকিৎসাদাতা চিকিৎসকগণের পরামর্শক্রমে বহিঃবাংলাদেশ (ভারত) এর চেন্নাই এ স্বামীর চিকিৎসা করাতে ইচ্ছুক। স্বামীর চিকিৎসার জন্য নগদ অর্থ, সহায় সম্বল সব বিক্রি করে খরচ মেটানোর চেষ্টা করছেন কিন্তু চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল হওয়ায় বর্তমানে পরিবারের পক্ষে চিকিৎসা চালিয়ে যাওয়া অত্যন্ত দুরূহ হয়ে পড়েছে বিধায় বহিঃবাংলাদেশ (ভারত) এ উন্নত চিকিৎসার নিমিত্ত মানবিক দিক বিবেচনা করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট আর্থিক সাহায্যের অনুরোধ করেছেন।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের অবসরপ্রাপ্ত উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব বিশ্বনাথ দাস (বি-২৫২) এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সহায়তা করতে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারীগণকে স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় পরিচালিত সংশ্লিষ্ট কর্মকর্তার সঞ্চয়ী হিসাব নং ৪০০১-০৩১০১৭২১২৩ এ সাহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৫/০১/২০২৪

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(৪)/২০২৩-২০২৪/৪৭৭১(১২৫০) তারিখ: ১৫.০১.২০২৪ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মানবিক সাহায্য সংক্রান্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটের নোটিশ বোর্ড অংশে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ-কে অনুরোধ করা হলো)।
০৬. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে) ।
১১. নথি/মহানথি।

১৫/০১/২০২৪
(ফেরদৌস আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

তারিখঃ ১৯/১১/২০২৩ইং

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং: ২৪১৫ তারিখঃ ২৯.১১.২৩
ডিএমডি- ১ জিএম
ব্যবস্থাপনা পরিচালক

মাননীয়
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**বিষয়ঃ চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের জন্য আবেদন।**

প্রিয় মহোদয়
যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, উপরেল্লিখিত বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর আবেদন আপনার সদয় বিবেচনার জন্য নিম্নে উপস্থাপন করা হলোঃ
মহোদয় আমার স্বামী বিগত ১৪/১১/১৯৮২ইং তারিখে শিক্ষানবীশ কর্মকর্তা (কর্মকর্তা) হিসাবে অত্র ব্যাংকে যোগদান করেন। পরবর্তীতে অত্র ব্যাংকের ০৯/০১/২০১১ইং তারিখের প্রবাঃকঃব্যঃবিঃ-০২/এম.পি.ও/ ব্যাংক নং-(বি-২৫২)/২০১০-২০১১/২০১২ কর্মী সংক্রান্ত ঘোষনা মূলে উর্দ্ধতন মূর্খ্য কমকর্তা হিসাবে অবসর উত্তর ছুটিতে গমন করিয়া ৩০/০১/২০১২ইং তারিখে অবসর প্রাপ্ত হয়েছেন।
আমার স্বামী বিশ্বনাথ দাস (উঃমূঃকঃ) অবসরপ্রাপ্ত স্থানীয় মূখ্য কার্যালয়, ঢাকা থেকে অবসর গ্রহন করে মাসিক পেনশন গ্রহন করে আসছেন। বর্তমানে তিনি লিভারের বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হয়ে মৃত্যু সাথে দিনাতিপাত করছেন। বর্তমানে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে/পিজি/স্কয়ার/বি.আর.বি হাসপাতাল গুলোতে চিকিৎসা নিয়েছেন। তার শারিরীক তেমন কোন উন্নতি লক্ষ্য করা যাচ্ছে না। ডাক্তার বলেছেন, উন্নত চিকিৎসার জন্য ভারতে চেন্নাই হসপিটালে দেখালে ভাল হতো।
তার চিকিৎসার জন্য নগদ অর্থ, সহায় সম্বল সব বিক্রি করে খরচ মেটানোর জন্য চেষ্টা করছেন। কিন্তু তাতেও চিকিৎসা খরচ বহন করা আমার পক্ষে সম্ভব হচ্ছে না।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন, মানবতার দিক বিবেচনা করে স্বামীর চিকিৎসা খরচ মেটানোর জন্য আপনার সদয় আর্থিক সহযোগীতা এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেলো।

আপনার বিশ্বস্ত

রিতা দাস - স্বামী - বিশ্বনাথ দাস

**বিশ্বনাথ দাস**
(উঃমূঃকঃ) অবসরপ্রাপ্ত স্থানীয় মূখ্য কার্যালয়
ঢাকা।
সঞ্চয়ী হিসাব নং-১৭২১২ (এল.পি.ও ঢাকা)
বিকাশ পার্সোনাল-০১৬৮৮৯৩০১৫১।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৯৭০ তারিখ ২৯/১১/২৩
বিভাগ GM Admin
ডিএমডি-১

সংযুক্তঃ-
১। পেনশন বহির ফটোকপি।
২। বাংলাদেশ হাসপাতালের চিকিৎসার সকল কাগজপত্রাদির ফটোকপি।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৬৫৮ তারিখ ২০/১১/২৩
উমব্য,এইচআরএমডি-১/ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। মহাব্যবস্থাপকঃ বিকেবি, এলপিও, ঢাকা।
২। উপমহাব্যবস্থাপক, বিকেবি, এলপিও, ঢাকা।

এইচ আর এম ডি-১
তারিখ ঃ ২৯/১১/২৩
এজিএম ঃ
এসপিও ঃ
পিও ঃ
ডাইরী নং ঃ
ডি.জি.এম